**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 19.06.2026** **Desk in Charge : S.D.G.**
**Time: 7-35 AM** **Edit. &Compile.:- Partha P. M.**
**DEO: KB** **NRT : Partha P. M.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল হুগলির তারকেশ্বরে ‘পশ্চিমবঙ্গ দিবস’-এর অনুষ্ঠানে থেকে ‘প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি’ প্রকল্পের ২৩-তম কিস্তির টাকা প্রদান করবেন।

২/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ ভোরে আন্তর্জাতিক যোগ দিবসের প্রচার উপলক্ষে "দৌড় সে ধ্যান " –এর মূল অনুষ্ঠানে কলকাতা পুরসভা থেকে মহাকরণ পর্যন্ত ম্যারাথনে যোগ দেন।

৩/ ‘নমামি গঙ্গে’ সহ জল শক্তি মন্ত্রকের বিভিন্ন প্রকল্পে এরাজ্যকে অন্তর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাটিলের সঙ্গে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নবান্নে বৈঠক করেছেন।

৪/ রাজ্যপালের অভিভাষণের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ-এর অষ্টাদশ বিধানসভার প্রথম অধিবেশন শুরু হয়েছে। # রাজ্যপাল তাঁর ভাষণে বর্তমান রাজ্য সরকারের অগ্রাধিকার, কর্মপরিকল্পনা এবং প্রশাসনিক রূপরেখা তুলে ধরেন।

৫/ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় গতকাল দুপুরের পর থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির কারণে অস্বস্তিকর গরম থেকে রেহাই মিলেছে।

৬/ রাজ্যে খুব শীঘ্রই জাতীয় নাট্য উৎসব হবে বলে National School of ড্রামা'র অধিকর্তা চিত্তরঞ্জন ত্রিপাঠি জানিয়েছেন।

************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, হুগলির তারকেশ্বরে ‘পশ্চিমবঙ্গ দিবস’-এর অনুষ্ঠানে থেকে ‘প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি’ প্রকল্পের ২৩-তম কিস্তির টাকা প্রদান করবেন।

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক সূত্রে জানা গেছে, দেশের ২’কোটি ১৮ লক্ষের বেশি মহিলা কৃষক সহ ৯’কোটি ৪৪ লক্ষের’ও বেশী কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি ১৮ হাজার ৮৮০ কোটি টাকা পাঠানো হবে। এর মধ্যে শুধুমাত্র পশ্চিমবঙ্গেই ৪৫ লক্ষ ৩৫ হাজারেরও বেশি কৃষক এই কিস্তি বাবদ ৯০৭ কোটি টাকা পাবেন।

শ্রী মোদী এই উপলক্ষ্যে আগামীকাল রাজ্যের জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ কৃষি সহায়ক উদ্যোগের সূচনা করবেন। এর মধ্যে আছে ‘প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা’ ও পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক ফসল বিমা প্রকল্প ইত্যাদি। এই প্রকল্পে ২০২৬-২৭ আর্থিক বছরে এক কোটি ১০ লক্ষের বেশী কৃষককে বিমার আওতায় আনা হবে।

কৃষকদের সহজে বিভিন্ন পরিষেবা দিতে ‘ডিজিটাল কৃষি মিশন’-এর আওতায় ‘এগ্রিস্ট্যাক’-এর সূচনা এবং রাজ্যে প্রাকৃতিক চাষের জন্য জাতীয় মিশন-এর’ও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। এই মিশনের আওতায় ১৭ হাজার ৩০০ হেক্টর জমিতে ৩৪৬টি প্রাকৃতিক চাষের ক্লাস্টার খোলা হবে, যাতে উপকৃত হবেন ৪৩ হাজার কৃষক।

***************************

প্রধানমন্ত্রীর আগামীকালের অনুষ্ঠানকে কেন্দ্র করে তারকেশ্বরে প্রত্যাশিত যাত্রী ভিড় সামাল দিতে, পূর্ব রেলের হাওড়া ডিভিশনের হাওড়া-শেওড়াফুলি-তারকেশ্বর-গোঘাট সেকশনে ৭ টি স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

সেই অনুসারে হাওড়া-তারকেশ্বর স্পেশাল, হাওড়া থেকে সকাল ৭ টা ৪৫ –এ, তারকেশ্বর-শেওড়াফুলি স্পেশাল, তারকেশ্বর থেকে সকাল ৯ টা ৪৫-এ, শেওড়াফুলি -তারকেশ্বর স্পেশাল শেওড়াফুলি থেকে সকাল ১০ টা ৪৮-এ , তারকেশ্বর-আরামবাগ স্পেশাল তারকেশ্বর থেকে সকাল ৭ টা ২০-তে, আরামবাগ-তারকেশ্বর স্পেশাল আরামবাগ থেকে সকাল ৮ টা ৭-এ, তারকেশ্বর-গোঘাট স্পেশাল তারকেশ্বর থেকে

সকাল ১০ টা ২১-এ, গোঘাট-তারকেশ্বর স্পেশাল গোঘাট থেকে সকাল ১১ টা ২০-তে ছাড়বে এবং সব স্টেশনে থামবে।

***************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ ভোরে আন্তর্জাতিক যোগ দিবসের প্রচার উপলক্ষে "দৌড় সে ধ্যান " –এর মূল অনুষ্ঠানে কলকাতা পুরসভা থেকে মহাকরণ পর্যন্ত ম্যারাথনে যোগ দেন। কলকাতা পুরসভার পক্ষ থেকে আয়োজিত এই ম্যারাথনের আয়োজন করা হয়েছে, কলকাতার ১১ টি স্থান থেকে ।

কমিশনার তথা কলকাতা পুরসভার প্রশাসক স্মিতা পান্ডে জানিয়েছেন, যোগ দিবস উপলক্ষে শহরের বিভিন্ন জায়গায় ৪৫ টি জায়ান্ট স্ক্রিন বসানো হবে। রাজ্য সরকারের উদ্যোগে আগামীকাল মিলেনিয়াম পার্ক ও প্রিন্সেপ ঘাটে যোগ কার্নিভালের আয়োজন করা হয়েছে।

***************************

আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন এবং NEET-UG পরীক্ষার জন্য ২১শে জুন, মেট্রো রেল, ব্লু-লাইন, গ্রিন লাইন এবং ইয়েলো লাইনে ভোর চারটে থেকে পরিষেবা শুরু করবে। তবে শেষ মেট্রোর সময় অপরিবর্তিত থাকছে।

ওইদিন ব্লু লাইনে আপ ও ডাউন মিলিয়ে ১৫২'টির পরিবর্তে ২১৪টি, গ্রীন লাইনে ১০৮ টির পরিবর্তে ১৭৩'টি, ইয়েলো লাইনে ১১২'টি পরিষেবা দেওয়া হবে। তবে পার্পেল ও অরেঞ্জ লাইনে ওই দিন কোনো পরিষেবা পাওয়া যাবে না।

***************************

হুগলীর শ্রীরামপুরে গতকাল 'গঙ্গোত্রী থেকে গঙ্গাসাগর' নামে একটি ম্যারাথনের মাধ্যমে যোগ দিবসের কর্মসূচির সূচনা হবে। আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে হুগলি জেলা প্রশাসনের কর্মসূচি নিয়ে এক সাংবাদিক বৈঠকে জেলাশাসক খুরশিদ আলি কাদরি একথা জানান। তিনি আরও বলেন, ২১'শে জুন জেলায় যোগ দিবসের মূল অনুষ্ঠানে ১,৪০০-র বেশি মানুষ ও তিন হাজারের বেশি ছাত্রছাত্রীর অংশগ্রহণের সম্ভাবনা রয়েছে।

***************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, পূর্ববর্তী সরকারের আমলে রাজ্যে যোগ ও আয়ুষ চিকিৎসা অবহেলিত হয়েছিল। তবে তাঁর সরকার রাজ্যে যোগ ও আয়ুষ-এর অন্যান্য ধারার চিকিৎসাকে মানুষের কাছে পৌঁছে দিতে প্রচারে বিশেষ গুরুত্ব দেবে।
গতকাল নবান্নে আন্তর্জাতিক যোগ দিবসের প্রাক্কালে আয়ুষ মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদবের সঙ্গে এক যৌথ সাংবাদিক বৈঠকে বলেন, বিশ্বের ১৭৫টিরও বেশি দেশে যোগকে স্বীকৃতি দেওয়া হয়েছে।

আগামী রবিবার ২১শে জুন রেড রোডে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আন্তর্জাতিক যোগ দিবসের যে প্রধান অনুষ্ঠান হবে, তাকে কেন্দ্র করে আগামী তিন দিনের কর্মসূচি'ও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী।

এর অঙ্গ হিসেবে আজ 'রান ফর যোগা', আগামীকাল পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষে গঙ্গাবক্ষে 'বন্দে যোগম' সাংস্কৃতিক অনুষ্ঠান ও ড্রোন শো এবং রবিবার হবে মূল যোগ দিবসের অনুষ্ঠান। ২১শে জুনের মূল অনুষ্ঠানের জন্য ইতিমধ্যেই ৩৮ হাজার মানুষের নাম নথিভুক্ত করেছেন।

সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী প্রতাপ রাও যাদব জানান, এবার আন্তর্জাতিক যোগ দিবসে দেশজুড়ে অভূতপূর্ব সাড়া মিলেছে।

( বাইট- প্রতাপ রাও )

ভারতীয় সাংস্কৃতিক সম্পর্ক পরিষদের সহযোগিতায় বিশ্বের ২১০টিরও বেশি ভারতীয় মিশনের উদ্যোগে প্রায় আড়াই হাজার স্থানে যোগ দিবস পালিত হবে বলে তিনি জানান। এর আগে ১৪'ই জুন একটি অনলাইন যোগ কর্মসূচিতে ৪ লক্ষ ৩৫ হাজার ৮৩১ জন একসঙ্গে অংশ নিয়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়েছেন।

***************************

আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে রেড রোড সাত দিন বন্ধ রাখার জন্য, আইনজীবী ও সাধারণ মানুষের যাতায়াত ও হাইকোর্ট অভিমুখী যান চলাচল যাতে ব্যাহত না হয় কলকাতা পুলিশ কমিশনারকে সে ব্যাপারে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।
রেড রোড বন্ধের সরকারি নির্দেশিকাকে চ্যালেঞ্জ জানিয়ে 'অল ইন্ডিয়া ল-ইয়ার্স অ্যাসোসিয়েশনে'র দায়ের করা মামলার শুনানিতে বিচারপতি সৌগত ভট্টাচার্য বলেন,

প্রয়োজনে বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনুষ্ঠান শেষ হওয়ার পরই, রাস্তা খালি করা এবং সেনাবাহিনীকে এই মামলায় যুক্ত নির্দেশ দিয়েছেন বিচারপতি।
২৪শে জুন মামলার পরবর্তী শুনানি।

***************************

‘নমামি গঙ্গে’ সহ জল শক্তি মন্ত্রকের বিভিন্ন প্রকল্পে এরাজ্যকে অন্তর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাটিলের সঙ্গে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নবান্নে বৈঠক করেছেন। বৈঠকে উপস্থিত ছিলেন জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী অজয় পোদ্দার এবং প্রতিমন্ত্রী ভাস্কর ভট্টাচার্য এবং পুর ও নগরোন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী উমেশ রাই। জেলা শাসকরাও ভার্চুয়ালি গতকালের ওই বৈঠকে যোগ দেন। সেখানে জল জীবন মিশন নিয়ে তাঁদের দ্রুত কাজ শেষ করতে নির্দেশ দেওয়া হয়। বাড়ি বাড়ি পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ যারা করছেন, তাদের ওপর নজরদারি চালাতে বলা হয়েছে। এই প্রকল্পের মূল লক্ষ্য হল রাজ্যের প্রত্যন্ত অঞ্চলেও প্রতিটি ঘরে নিরাপদ বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া।

পরে এক্স হ্যান্ডেলে এক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গ সরকার জলশক্তি মন্ত্রকের সঙ্গে যৌথভাবে ‘নমামী গঙ্গে’, ‘জলশক্তি অভিযান’ প্রকল্পে কাজ করবে। এর ফলে রাজ্যের যেমন সার্বিক উন্নয়ন হবে তেমনি কেন্দ্রীয় প্রকল্পগুলিও দ্রুত সারা দেশের সঙ্গে এরাজ্যে’ও সম্পূর্ণ করা যাবে। কেন্দ্রিয় সরকারের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হল জল জীবন মিশন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এই স্বপ্নের প্রকল্পে বাস্তবে রূপ দিতে ইতিমধ্যেই রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

***************************

রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবির অভিভাষণের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ-এর অষ্টাদশ বিধানসভার প্রথম অধিবেশন শুরু হয়েছে গতকাল। রাজ্যপাল তাঁর ভাষণে নতুন সরকারের অগ্রাধিকার, কর্মপরিকল্পনা এবং প্রশাসনিক রূপরেখা তুলে ধরেন। আইন-শৃঙ্খলা রক্ষা, অনুপ্রবেশ রোধ, শিল্পায়ন, কর্মসংস্থান, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য এবং কেন্দ্রীয় প্রকল্প রূপায়নের উপর বিশেষ জোর দেন তিনি।

রাজ্যপাল বলেন, নতুন সরকার রাজ্যে **আইনের শাসন** প্রতিষ্ঠা, সিন্ডিকেট রাজের অবসান এবং নারী-শিশুদের বিরুদ্ধে অপরাধদমনে ‘শূন্য সহনশীলতা’ নীতি গ্রহণ করেছে। **অবৈধ অনুপ্রবেশ** রুখতে সীমান্তে পরিকাঠামো উন্নয়ন, সীমান্ত বেড়া নির্মাণের জন্য জমি হস্তান্তর এবং চিহ্নিত অবৈধ অনুপ্রবেশকারীদের ফেরত পাঠানোর মতো পদক্ষেপের কথাও তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, এবারের অধিবেশনে আজ শোক প্রস্তাব গ্রহণ ও **সোমবার** রাজ্য বাজেট পেশ করা হবে। মঙ্গলবার থেকে পরবর্তী দুদিন, রাজ্যপালের অভিভাষণের ওপর আলোচনা হবে।

***************************

রাজ্যে খুব শীঘ্রই জাতীয় নাট্য উৎসব হবে বলে National School of ড্রামা'র অধিকর্তা চিত্তরঞ্জন ত্রিপাঠি জানিয়েছেন। তিনি গতকাল  রবীন্দ্র সদনে " ভবিষ্যতে নাটককে  কীভাবে দেখতে চাই " শীর্ষক আলোচনা সভায় আরও জানান, NSD' র তত্বাবধানে একটি নাট্য কর্মশালা এবং তিনমাসের নাট্য প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হবে। যুগে যুগে নাট্য শিল্পে বাংলার অবদানকে তুলে ধরে বলেন, বাংলাকে ছাড়া আধুনিক নাট্য শিল্পকেও ভাবা যায় না বলে মন্তব্য করেন তিনি।

***************************

দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় গতকাল দুপুরের পর থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির কারণে অস্বস্তিকর গরম থেকে রেহাই মিলেছে। তাপমাত্রা’ও বেশ কিছুটা কমেছে।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৪ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা দুই দশমিক চার ডিগ্রি কম।

*********************************************************************